

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৬ (প্রশিক্ষণ)
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.lrb.gov.bd

স্মারক নং-৩১.০২.০০০০.০১৬.০৯.০০৬.১৭.১৫

তারিখ: ০৩ মাঘ ১৪২৪
১৬ জানুয়ারি ২০১৮

বিষয় : ই-নামজারী বাস্তবায়নের লক্ষ্যে সকল উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) পদায়ন প্রসঙ্গে।

- সূত্র : ১। মন্ত্রিপরিষদ বিভাগের ২৯ জুন ২০১৫ তারিখের ৪০.০০.০০০০.৮৩১.৪৫.০১৭.১৩.১৯ নম্বর প্রজ্ঞাপন।
২। মন্ত্রিপরিষদ বিভাগের ৮ মার্চ ২০১৬ তারিখের ভূমি তথ্য ও সেবা ফ্রেমওয়ার্ক সংক্রান্ত কমিটির ৭ম সভার কার্যবিবরণী।
৩। মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ এপ্রিল ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.০০১.০১৭.১৩.১৪৯ নম্বর প্রজ্ঞাপন।
৪। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৭ আগস্ট ২০১৭ তারিখের ০৩.৮০৬.০০৩.০০.০০.০২৬.২০১৬-২২০৯ নম্বর প্রজ্ঞাপন।
৫। মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ আগস্ট ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৯৯.০০১.১৬.২৫৫ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভূমি সংস্কার বোর্ডের উদ্যোগে ও a2i প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহযোগিতায় Land Information Management System-LIMS বাস্তবায়নের লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক ১১২টি উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত কর্মচারীবৃন্দকে প্রশিক্ষক-প্রশিক্ষণ ও ব্যবহারকারী-প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রশিক্ষণ সমাপ্তকৃত ১১২টি উপজেলায় ই-নামজারী বাস্তবায়িত হয়েছে। ইতোমধ্যে আরও ১৪৮ টি উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও সংশ্লিষ্ট কর্মচারীদের ই-নামজারী প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম হাতে নেয়া হয়েছে।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের সূত্রস্থ ৪ নং স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রস্থ ৫ নং স্মারকে চলতি ২০১৮ সালের জুন মাসের মধ্যে সকল উপজেলায় ই-নামজারী বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড জুন/১৮ মাসের মধ্যে অবশিষ্ট সকল উপজেলায় প্রশিক্ষক-প্রশিক্ষণ ও ব্যবহারকারী-প্রশিক্ষণ সম্পন্ন করতঃ ই-নামজারী বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করেছে। উল্লেখ্য যে, ৫০৭ টি উপজেলা ভূমি অফিস/সার্কেলের মধ্যে বর্তমানে বেশ কিছু সংখ্যক সহকারী কমিশনার (ভূমি) এর পদ শূন্য আছে। ফলে সকল উপজেলায় ই-নামজারী বাস্তবায়ন সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, সরকারের জনগুরুত্বপূর্ণ ও জনবান্ধব কর্মসূচি ই-নামজারী বাস্তবায়নের লক্ষ্যে অনতিবিলম্বে সকল উপজেলা ভূমি অফিস/রাজস্ব সার্কেলে সহকারী কমিশনার (ভূমি) পদায়নের জন্য অনুরোধ করা হ'ল।

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


স্বাক্ষরিত/-
(মোঃ মাহফুজুর রহমান)
চেয়ারম্যান
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

স্মারক নং-৩১.০২.০০০০.০১৬.০৯.০০৬.১৭.

তারিখ: ০৩ মাঘ ১৪২৪
১৬ জানুয়ারি ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, a2i প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৪। বিভাগী কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/ময়মনসিংহ/বরিশাল/সিলেট/রংপুর।
- ৫। অফিস কপি।


(মোঃ মাহফুজুর রহমান)
চেয়ারম্যান
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।